



## জোড়া গোলে ইকুয়েডরকে হারিয়ে শেষ ষোলোতে মেক্সিকো



সংগৃহীত ছবি

২০২৬ ফিফা বিশ্বকাপের রাউন্ড অব ৩২-এ ইকুয়েডরকে ২-০ গোলে হারিয়ে শেষ ষোলো নিশ্চিত করেছে সহ-আয়োজক মেক্সিকো। দাপুটে এই জয়ে টুর্নামেন্টে নিজেদের শতভাগ জয়ের ধারাও ধরে রেখেছে তারা।

বুধবার (১ জুলাই) বাংলাদেশ সময় সকাল ৭টায় ম্যাচ শুরু হওয়ার কথা থাকলেও, মেক্সিকো সিটিতে প্রতিকূল আবহাওয়ার কারণে খেলা এক ঘণ্টা পিছিয়ে যায়।

শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকা মেক্সিকো ২২তম মিনিটে হলিয়ান কিনিওনেসের গোলে এগিয়ে যায়। এরপর ৩২তম মিনিটে রাউল হিমেনেস ব্যবধান দ্বিগুণ করলে ২-০ ব্যবধানে বিরতিতে যায় স্বাগতিকরা।

দ্বিতীয়ার্ধে ইকুয়েডর ঘুরে দাঁড়ানোর চেষ্টা করলেও মেক্সিকোর রক্ষণভাগ ও গোলরক্ষক রাউল রাস্কেল কোনো সুযোগ দেয়নি। যোগ করা সময়ে ইকুয়েডরের পিয়েরো হিনকাপিয়ে লাল কার্ড দেখলে দলটি ১০ জনে পরিণত হয়।

এই জয়ের ফলে শেষ ষোলোয় উঠেছে মেক্সিকো। আগামী সোমবার (৬ জুলাই) বাংলাদেশ সময় সকাল ৬টায় ইংল্যান্ড অথবা ডিআর কঙ্গোর বিপক্ষে কোয়ার্টার ফাইনালের টিকিটের লড়াইয়ে নামবে তারা।